4509 I 4347 100 Rs.

INDIA NON JUDICIAL

१००रु. Rs 100

भारत

एक सौ रुपया ONE HUNDRED RUPEES

Behala 33 4/55 5000 A 31.50 N 1.50 33.00

(2)

...able under rule 21 and ... under section 5 of W.B.A.R. tenancy act duly stamped under the Indian Stamp Act, 1899 Schedule I. A. No 33 ........ Fee Paid .. ... .../- C.F.S

A 31.50
N 1.50
33.00

Joint Sub-Registrar of ... at Behala.

11/12/60

Gopal Chandra Chowdhury

| দানপত্র দাতা - | দানপত্র গ্রহিতা - |
| --- | --- |
| শ্রী গোপাল চন্দ্র চৌধুরী ,<br>পিতা ৺রামদাস চৌধুরী ,<br>জাতি হিন্দু কায়স্থ , পেশা চাকুরী -<br>বর্ত্তমানে অবসর প্রাপ্ত ,<br>সাং ৫৬।১ মহারানী ইন্দিরা দেবী<br>রোড , পল্লীশ্রী বেহালা ,<br>থানা বেহালা , জেলা ২৪ পরগনা । | ১। শ্রীমতী হেমাঙ্গিনী চৌধুরী<br>পতি শ্রী গোপাল চন্দ্র চৌধুরী<br>২। শ্রী অনিল বরন চৌধুরী ,<br>পিতা শ্রী গোপাল চন্দ্র চৌধুরী ,<br>উভয়ের জাতি হিন্দু কায়স্থ , ১ নং এর<br>পেশা গৃহস্থালী , ২ নং এর পেশা চাকুরী ,<br>সাং ৫৬।১ নং মহারানী ইন্দিরা দেবী<br>রোড, পল্লীশ্রী বেহালা, থানা বেহালা ,<br>জেলা ২৪ পরগনা । |

- - - - - - - - - - - - - - oooooo - - - - - - - - - - - - - -

কস্য দান পত্র মিদং কার্য্যঞ্চাগে - জেলা ২৪ পরগনা থানা বেহালা -

সবরেজেষ্ট্রী আলিপুর সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটীর অধিন পরগনে বালিয়া -

35 Rs.

पैंतीस रुपया

३५रू. भारत INDIA 35Rs.

THIRTY FIVE RUPEES

২

বালিয়া মৌজে বেহালা কালেকটারীর ৩৪৬ নং তৌজির ৬৬ নং মালিকী –
খতিয়ানের মালিক শ্রীযুক্ত জগদীশ চন্দ্র কাঞ্জি সাং ১৫।১ এ নং চেতলাহাট রোড
থানা আলিপুর জেলা ২৪ পরগনা জমিদার মহাশয়ের উপরোক্ত তালুকভুক্ত ঁ গোপী
কানু হালদারের নামীয় মধ্যস্বত্বাধিকারী চিরস্থায়ী নিস্কর ব্রহ্মোত্তর যাহা জেঃ এলঃ
নং ২, রেঃ সাঃ নং ৮৩ মৌজা বেহালা ২২২৭ নং খতিয়ানের অধিনস্থ ২২৩৩নং
খতিয়ান ভুক্ত ৬৮৩ নং দাগে উত্তর সীমানা নারায়ন দাস গং ১.৫৬ এক একর
ছাপান্ন শতক শালি জমি স্থানীয় মাপে কমবেশ ৪।১৪।৶০ চার বিঘা চৌদ্দ কাঠা
ছয় ছটাক জমি যাহা মাপ জরিপে ৪।১২ চার বিঘা বার কাঠা জমি হইতেছে।
উক্ত জমীর মধ্যে উপরোক্ত জেলা, থানা, মৌজা ও খতিয়ান নং ও দাগস্থিত –
৪।১২ চার বিঘা বার কাঠা জমির মধ্যে .২৫ পঁচিশ শতক জমি যাহা স্থানীয়
মাপে ৮০।৶৬ পনের কাঠা সাত ছটাক ছয় স্কোয়ার ফিট জমি মায় তদুপরিস্থিত
বৃক্ষাদি মায় ইজমেন্ট স্বত্বাদি এবং উক্ত জমিতে যাতায়াতের জন্য দানপত্র দাতা
আমার খরিদা কোবালা দলিলের সংলগ্ন নকসায় " পি " অক্ষর দ্বারা চিহ্নিত




Gopal Chandra Chowdhury

৩

চিহ্নিত উত্তর দিকে সাধারন যাতায়াতের পথের যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি ও উক্ত পথের উপর ও নিম্ন দিয়া জল নিকাশের জন্য ড্রেন , জলের পাইপ, - ইলেকট্রিক লাইন ও টেলিফোন লাইন ইত্যাদি আনয়ন করিবার ইজমেন্ট স্বত্বাদি সহ আমি দানপত্র দাতা উক্ত জমির তদানিন্তন স্বত্বাধিকারী ও মালিক দখিলকার শ্রীমতী কালীদাসী দাসী পতি শ্রী যতীন্দ্র নাথ সর্দার সাং বেহালা, ব্রাহ্মসমাজ রোড থানা বেহালা পরগনে বালিয়া জেলা ২৪ পরগনা, নিকট হইতে তৎকালিন সর্ব্বোচ্চ বাজার মূল্য মং ২০০০ দুই হাজার টাকা নগদ পনে বিগত ১৩৫৯ সালের ২ রা ফাল্গুন ইং ১৪।২।৫৩ তারিখে নিজ অর্থে খরিদ করিয়া মালিকের খাজনাদি ও সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটীর ট্যাক্সাদি আদায়ে খাসে দ্বাদশ বর্ষের বহু উর্দ্ধকাল যাবত স্বত্ব দখল পরিচালনা

পরিচালনা করিয়া আসিতেছি। উক্ত জমি নিজ অর্থে খরিদ করিবার পর উক্ত জমির কতকাংশে পুকুর খনন পূর্ব্বক এবং অবশিষ্ট জমিতে পাকা ইমারত, টিনের ঘর, রান্নাঘর, স্যানিটারী পায়খানা, টিউবওয়েল প্রস্তুত করিয়া ও ইলেকট্রিক আলো ইত্যাদি আনয়ন করিয়া উহাতে আমি দানপত্র দাতা দ্বাদশ বর্ষের বহু উর্দ্ধকাল যাবত নির্ব্বিবাদে, নিঃ সংশ্রবে পরম সুখে ও শান্তিতে স্ত্রী পুত্রাদি সহ বসত বাস করিয়া আসিতেছি। উক্ত আমার কোবালা খরিদা জমি বর্ত্তমান রিভিশন্যাল সেটেলমেন্ট জরিপে দানপত্র দাতা আমার নামে উক্ত বেহালা - মৌজার ৭০৩১ নং খতিয়ান ভূক্ত ২২৭৫ নং খতিয়ান হইতে খণ্ড খতিয়ান রূপে লিপিবদ্ধ হইয়া সামিল জমা ২।।৵০ আনা ২২৭৫ নং খতিয়ান বাটা $\frac{৬৮৩}{২৫৪০}$ নং দাগে শালি .২৫ শতক জমি স্থানীয় মাপে ৮০।৶৬ পনর কাঠা সাত ছটাক ছয় স্কোয়ার ফিট জমি ফাইনাল রেকর্ড রূপে চূড়ান্ত প্রচারিত ও লিপিবদ্ধ হইয়াছে। উক্ত জমির জন্য মালিকের খাজনাদি বর্ত্তমানে পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে - জেলা ২৪ পরগনার কালেকটার বাহাদুরকে আদায় করিয়া ও সাউথ সুবারবান - মিউনিসিপ্যালিটীতে যথারীতি ট্যাক্সাদি আদায়ে ভোগবান ও দখিলকার আছি। আমি দানপত্র দাতা চাকুরী হইতে অবসর গ্রহন করিয়া বর্ত্তমানে উক্ত জমিস্থিত গৃহাদিতে স্ত্রী পুত্রাদি সহ বসত বাস করিয়া আসিতেছি। আমার প্রথমা স্ত্রী শ্রীমতী চম্পকলতা চৌধুরী তাঁহার গর্ভজাত একমাত্র পুত্র শ্রীমান অনীল বরন চৌধুরী ও তিন কন্যা শ্রীমতী রেনুকা নন্দী, শ্রীমতী শোভারানী মজুমদার ও শ্রীমতী বিভারানী চৌধুরীকে বর্ত্তমান রাখিয়া আজ প্রায় ৪২ বৎসর হয় পরলোক -

Gopal Chandra Chowdhury

Gopal Chandra Chowdhury

পরলোক গমন করিয়াছেন। উক্ত তিন কন্যাকে আমি স্বোপার্জ্জিত বহু অর্থ ব্যয়ে উপযুক্ত পাত্রে বিবাহাদি দিয়াছি এবং তাহারা সকলেই স্বামী, পুত্র কন্যাদি সহ নিজ নিজ আলয়ে পরম সুখে বসত বাস করিয়া আসিতেছেন। প্রথমা স্ত্রীর গর্ভজাত পুত্র শ্রীমান অনীল বরন চৌধুরী স্ত্রী পুত্রাদি সহ আমার সঙ্গে বসত বাস করিয়া আসিতেছে। আমার প্রথমা স্ত্রীর পরলোক গমনের অনুমান - দুই বৎসর পর অর্থাৎ আজ হইতে প্রায় ৪০ বৎসর পূর্ব্বে আমি দ্বিতীয়বার - দ্বারপরিগ্রহ করিয়াছি। দ্বিতীয়া স্ত্রী শ্রীমতী হেমাঙ্গিনী চৌধুরীর গর্ভজাত তিনপুত্র শ্রী অজিত বরন চৌধুরী, শ্রী অসীত বরন চৌধুরী ও শ্রী অসীম বরন চৌধুরী বর্ত্তমান আছে। তাহাদের মধ্যে শ্রী অজিত বরন চৌধুরী ও শ্রী অসিত বরন চৌধুরী বিবাহাদি করিয়া স্ত্রী পুত্রাদি সহ স্বোপার্জ্জিত অর্থে পরম সুখে - বসত বাস করিয়া আসিতেছে। অপর পুত্র শ্রী অসীম বরন চৌধুরী অবিবাহিত এবং দানপত্র দাতা আমার সকল পুত্র গনই উপার্জ্জনক্ষম এবং বিবাহিত পুত্রগন - স্ত্রী পুত্রাদি সহ এবং অবিবাহিত পুত্র ও যথারীতি উপার্জ্জন করিয়া স্বচ্ছন্দে পরম সুখে বসত বাস করিয়া আসিতেছে। আমার প্রথমা স্ত্রী শ্রীমতী চম্পকলতা চৌধুরীর একমাত্র গর্ভজাত পুত্র ২ নং দানপত্র গ্রহিতা শ্রীমান অনীল বরন চৌধুরী অল্প বয়সে মাতৃহারা হওয়ায় তাহাকে দানপত্র দাতা আমি মাতৃহারা সন্তান - বিবেচনায় নিজে অত্যন্ত যত্নে লালন পালন করিয়াছি এবং সেও আমার প্রতি - পিতৃভক্ত এবং সর্ব্বদা আমার এই বৃদ্ধ বয়স অবধি আমার প্রতি অত্যন্ত অনুরক্ত থাকিয়া আমার সেবা শুশ্রূষার দিকে বিশেষ যত্নবান আছে, আমি পূর্ব্বাপর তাহা বিশেষ ভাবে লক্ষ্য করিয়া আসিতেছি। আমি দানপত্র দাতা আপনি ১ নং দানপত্র -

Gopal Chandra Chowdhury

দানপত্র গ্রহিতা শ্রীমতী হেমাঙ্গিনী চৌধুরীকে দ্বিতীয়বার দ্বারপরিগ্রহ করিবার পর হইতে আপনি আমাকে পরম যত্নে, নির্ব্বিবাদে, অক্লান্ত পরিশ্রমে পরম শ্রদ্ধাসহ হিন্দু নারীর আদর্শে অনুপ্রানিত হইয়া অকপটে নিরবচ্ছিন্ন ভাবে - আমার এই বৃদ্ধ বয়স পর্য্যন্ত ও সেবাশুশ্রুষা করিয়া আসিতেছেন। বর্ত্তমানে আমার বয়স প্রায় ৭৪ বৎসর হইয়াছে এবং আজ প্রায় ৭।৮ বৎসর হয় আমি হাইব্লাড প্রেসার ও বহুমূত্র রোগে আক্রান্ত হইয়া অত্যন্ত কষ্টে জীবন যাপন - করিয়া আসিতেছি। কেবল আপনি ১ নং দানপত্র গ্রহীতার যত্নেও সেবাশুশ্রুষায় ও ২ নং দানপত্র গ্রহীতার বিশেষ যত্নে আমি এই বৃদ্ধ বয়সেও ভগবানের - অনুগ্রহে চলাচল শক্তিসহ পরম সুখে জীবন ধারন করিয়া আছি। ভগবানের অনুগ্রহ ও দানপত্র গ্রহীতা আপনাদের উভয়ের সেবাশুশ্রুষা, যত্ন ও সাহচর্য্য - ব্যতীত আমার জীবন ধারন করা সম্ভবপর হইতনা এবং নহে। শরীর অনিত্য, আমার কখন কি হয় বলা যায় না। দানপত্র গ্রহিতা আপনাদের উভয়ের - সেবা শুশ্রুষা ও যত্নে আমি অত্যন্ত প্রীত ও সন্তুষ্ট হইয়াছি এবং আমার এই বৃদ্ধ বয়সে আমার জীবিত কাল পর্য্যন্ত আপনি ১ নং দানপত্র গ্রহিতা অকপটে - যথোচিত ভাবে যত্ন সহকারে হিন্দু নারীর আদর্শে অনুপ্রানিত হইয়া ,, পতি পরম গুরু বিবেচনায় ,, আমাকে সেবাশুশ্রুষা করিবেন এবং আপনি ২ নং দানপত্র গ্রহিতা দানপত্র দাতা আমাকে ,, পিতা পরম গুরু ,, আদর্শে অনুপ্রানিত হইয়া সেবা শুশ্রুষা ও যত্ন করিবেন উভয়ের প্রতি সে বিষয়ে আমার দৃঢ় বিশ্বাস আছে। আপনাদের উভয়ের সেবা শুশ্রুষায় ও যত্নে আমি অত্যন্ত প্রীত ও মুগ্ধ হইয়াছি। ১ নং দানপত্র গ্রহিতা আপনার সেবা শুশ্রুষায় ও ব্যবহারে আমি অত্যন্ত প্রীত ও

Gopal Chandra Chowdhury



প্রীত ও সন্তুষ্ট হইয়া আপনি আমার পরম ভক্তা স্ত্রী বিধায় এবং আপনি ২ নং দানপত্র গ্রহিতা আমার প্রথমা স্ত্রীর গর্ভজাত মাতৃহারা পুত্র বিধায় এবং আপনার পিতৃভক্তি ও সেবাযত্নে আমি প্রীত ও মুগ্ধ হইয়াছি এবং আপনারা উভয়ে আমার মৃত্যুর পর হিন্দু আইন অনুসারে আমার ত্যক্ত সম্পত্তির ওয়ারিশ হইবেন জানিয়া আপনাদের উভয়ের উপর আমি অত্যন্ত স্নেহ পরবশ হইয়া আপনাদের বসত বাসের সুবিধার জন্য ভবিষ্যতে কোন প্রকার অসুবিধা না হয় বিবেচনায় আমার স্বোপার্জ্জিত অর্থ দ্বারা অর্জ্জিত আমার স্বত্ব দখলীয় নিম্ন তপশীলের বর্ণিত - সম্পত্তি মোট ৳০।৵৬ পনর কাঠা সাত ছটাক ছয় স্কোয়ার ফিট বাস্তু জমি ও তৎ উপরিস্থিত নির্ম্মিত পাকা ইমারত, টিনের ঘর, রান্নাঘর, টিউব ওয়েল, স্যানিটারী পায়খানা, ইলেকট্রিক লাইট ও পুকুর, বৃক্ষাদি মায় ইজমেন্ট স্বত্বাদি ও উক্ত বাস্তু জমিতে যাতায়াতের জন্য আমার খরিদা কোবালা দলিলের সংলগ্ন নকস্তায় প্রদর্শিত "পি" অক্ষর দ্বারা চিহ্নিত উত্তরদিকের - সাধারন যাতায়াতের পথের যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি ও উক্ত পথের উপর দিয়া জল নিকাশের জন্য ড্রেন, জলের পাইপ ও ইলেকট্রিক লাইন, টেলিফোন লাইন ইত্যাদি লইয়া যাইবার ইজমেন্ট স্বত্বাদি সহ যাহার বর্ত্তমান বাজার মূল্য - মোট ৫০০০ পাঁচ হাজার টাকা হইতেছে তাহাতে অদ্য দানপত্র গ্রহিতা - আপনাদের উভয়ের বরাবর এই দানপত্র দলিল মূলে আপনি ১ নং দানপত্র গ্রহিতা শ্রীমতী হেমাঙ্গিনী চৌধুরীকে উক্ত সম্পত্তির ৩/৪ তিন চতুর্থাংশ এবং ২ নং দানপত্র - গ্রহিতা শ্রীমান অনীল বরন চৌধুরীকে উক্ত সম্পত্তির ১/৪ এক চতুর্থাংশ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় দান ও অর্পন করিয়া চিরতরে নিঃস্বত্ব হইলাম এবং উক্ত -

উক্ত দানকৃত সম্পত্তিতে দানপত্র গ্রহিতা আপনাদিগকে উভয়কে অদ্যই খোলসা খাস দখল দিলাম এবং আমার খরিদা কোবালা ও রিভিশন্যাল সেটেলমেন্ট রেকর্ড ইত্যাদি যাবতীয় দলিলাদি আপনাদিগকে অদ্যই প্রদান করিলাম। – আপনারা দান পত্র গ্রহিতা উভয়ে দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু সত্ব স্বামীত্ব, হক হকিয়ত ছিল তাহা অদ্য হইতেই আপনাদের উভয়েতে বর্ত্তিল। আপনারা উভয়ে উক্ত ৮০।৶৬ পনর কাঠা সাত ছটাক ছয় স্কোয়ার ফিট জমি ও তৎউপরিস্থিত পাকা ইমারত, টিনের ঘর, রান্নাঘর, পুকুর, স্যানিটারী পায়খানা, টিউব ওয়েল, ও ইলেকট্রীক লাইট সায় যাবতীয় সাজপাট ও বৃক্ষাদি ইত্যাদি যাবতীয় ইজমেন্ট সত্বাদি সায় উক্ত বাটীতে যাতায়াতের জন্য আমার খরিদা কোবালায় "পি" অক্ষর দ্বারা চিহ্নিত উত্তর দিকের সাধারন – যাতায়াতের পথের ইজমেন্ট সত্বাদিতে আপনি ১ নং দানপত্র গ্রহিতা ৩/৪ তিন চতুর্থ অংশে এবং আপনি ২ নং দানপত্র গ্রহিতা ১/৪ এক চতুর্থ অংশে পুত্র – পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগন ক্রমে নির্ব্বিবাদে যাহার তাহার অংশ হিসাবে বসত বাস করিয়া আমার নামের পরিবর্ত্তে আপনাদের নাম পত্তন করতঃ মালিকের খাজনাদি ও মিউনিসিপ্যালিটীর ট্যাক্সাদি আদায়ে উহা যদৃচ্ছা ভাবে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। কস্মিন কালেও আমি কিংবা আমার অপর কোন ওয়ারীশগন ও স্থলাভিষিক্তগন কেহ উক্ত দানকৃত নিম্ন তপশীল লিখিত সম্পত্তিতে ও তৎউপরিস্থিত যাবতীয় পাকা ইমারত, টিনের ঘর, রান্নাঘর ইত্যাদিতে ভবিষ্যতে কোন দাবী দাওয়া করিতে পারিব না কি পারিবেক না, করিলেও – তাহা সর্ব্ব আদালতে অগ্রাহ্য হইবেক। প্রকাশ থাকে যে আমার দানকৃত সম্পত্তি

সম্পত্তি সম্বন্ধে আমার অপর পুত্র কন্যাগনের জন্য কোন বিলি ব্যবস্থা করিলাম না। কারন আমার অপর পুত্রগন স্বোপার্জ্জিত অর্থে স্বচ্ছল অবস্থায় সুখে স্বচ্ছন্দে - স্ত্রী পুত্রাদি সহ বসত বাস করিতেছে এবং কন্যাগনকেও বহু অর্থ ব্যয়ে বিবাহ দিয়াছি তাহারা সকলেই স্বামী, পুত্র কন্যা সহ স্বচ্ছন্দে নির্ব্বিবাদে পরম সুখে বসত বাস করিয়া আসিতেছে। আরও বিশেষ ভাবে প্রকাশ থাকে যে উক্ত দানকৃত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বা তাহার কোন অংশ আমি দানপত্র দাতা ইতি পূর্ব্বে কাহাকেও বা কোন স্থানে কোন প্রকার দায় সংযোগ বা দায়াবদ্ধ করি নাই বা করা নাই। উহা কাহারো জামানতে বা কাহারো খোরপোষের দায়ে চার্জ্জ আবদ্ধ নহে। উহা কোন বাকী করের দায়ে বা বাকীপরা ট্যাকস্রে - দায়ে নীলাম বিক্রয় হয় নাই বা উহাতে কোন প্রকার মামলা চলিত অথবা মুলতবী বা কোন আদালতের ক্রোকাবদ্ধ সম্পত্তি নহে। উহাতে কোন স্থায়ী বা অস্থায়ী প্রজা নাই বা ইতিপূর্ব্বে কাহাকে ও প্রজাবিলি বা কোন প্রকার বিলি বন্দোবস্ত দেই নাই। উহা কোন দেবোত্তর বা ব্রহ্মোত্তর সম্পত্তি নহে। অথবা ইতিপূর্ব্বে কোন দেব সেবায় অর্পন করি নাই। দানকৃত নিম্ন তপশীল লিখিত - সম্পত্তি বা তাহার কোন অংশ জনহিতকর কার্য্যের জন্য কোন সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কর্ত্তৃক রিকুইজিসন বা এ্যাকুইজিশন হয় নাই অথবা ঐ প্রকার হইবার জন্য অদ্য পর্য্যন্ত আমার উপর কোন নোটিশ জারী হয় নাই। দানকৃত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার অপর কোন শরিক অংশীদার বা দাবীদার নাই বা উহাতে অপর কোন প্রকার কাহারো কোন সত্ব স্বার্থ দাবী বা সংশ্রব নাই দানকৃত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি ইতিপূর্ব্বে কাহাকেও বিক্রয় করিবার মানসে

Gopal Chandra Chowdhury

মানসে কাহারো সহিত লিখিত বা মৌখিক চুক্তিতে আবদ্ধ করি নাই বা - উহার উপর কোন প্রকার চুক্তি-বলঘৎ নাই বা উহার উপর কোন প্রকার চার্জ্জ , লিয়েন বা দায় নাই । আমি দানকৃত নিম্ন তপশীল বর্নিত সম্পত্তির ষোল আনা মালিক - হইতেছি এবং উহা আমি দান করিতে সম্পূর্ন হকদার হইতেছি ।

এতদর্থে স্বেচছায় , সুজ্ঞানে, সুস্থ শরীরে, অন্যের বিনানুরোধে বা বিনা প্ররোচনায় ও স্বাধীন সম্মতিতে অত্র দানপত্র দলিল আমি নিজে পড়িয়া এবং তাহার মর্ম্ম সম্যক রূপে অবগত হইয়া অত্র দানপত্র দলিলে সরল মনে সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন ১৩৭৭ সাল ২৪ শে অগ্রহায়ন ইং ১০।১২।১৯৭০ সাল ।

তপশীল দানকৃত সম্পত্তি ।

জেলা ২৪ পরগনা থানা বেহালা সবরেজেস্ট্রী আলিপুর পরগনে বালিয়া - জে এল নং ২ রেঃ সাঃ নং ৮৩ মৌজা বেহালা কালেকটারীর ৩৪৬ নং তৌজিভূক্ত উক্ত মৌজার ৬৬ নং মালিকী খতিয়ানের মালিক শ্রীযুক্ত জগদীশ চন্দ্র কাঞ্জি সাং ১৫।১ এ চেতলা হাট রোড থানা আলিপুর জমিদার মহাশয়ের তালুকভূক্ত ঁগোপী কানু হালদার নামীয় মধ্য সুত্বাধিকারী চিরস্থায়ী রুক্কোওর যাহা ২২২৭ নং - খতিয়ানের অধিনস্থ ২২৩৩ নং খতিয়ান ভূক্ত ৬৮৩ নং দাগে উত্তর সীমানা নারায়ন চন্দ্র দাস গং ১.৫৬ এক একর ছাপান্ন শতক শালি জমি স্থানীয় মাপে ৪।।৪।৵০ চার বিঘা চৌদ্দ কাঠা ছয় ছটাক এবং যাহা মাপ জরীপে ৪।।২ চার বিঘা বার কাঠা শালি জমি হইতেছে । উক্ত জমির মধ্য হইতে মোট .২৫ পঁচিশ শতক জমি যাহা বর্ত্তমান রিভিশন্যাল সেটেলমেন্ট দানপত্র দাতার নামে ৭০৩১ নং খতিয়ানে লিপিবদ্ধ

লিপিবদ্ধ হইয়া সামিল জমা ২।।৶০ আনা ২২৭৫ নং খতিয়ান সহ বর্ত্তমানে - মালিক পশ্চিম বঙ্গ সরকারের পক্ষে ২৪ পরগনা জেলার কালেকটার বাহাদুরকে আদায় দিতে হয় এবং যাহা নিম্ন চৌহদ্দিস্থিত বেহালা সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটীতে ৩৯ নং গোয়াল পাড়া রোড এবং বর্ত্তমানে ৫৬।১ নং মহারানী ইন্দিরা দেবী রোড, পল্লীশ্রী প্রেমিসেস হইতেছে এবং যাহা - স্থানীয় মাপে ১৫।৭।৬ পনর কাঠা সাত ছটাক ছয় স্কোয়ার ফিট শালি জমি হইতেছে মায় তৎ উপরিস্থিত বৃক্ষাদি মায় ইজমেন্ট সত্ত্বাদি এবং উক্ত জমিতে যাতায়াতের জন্য দানপত্র দাতার খরিদা কোবালা দলিলের সংলগ্ন নকসায় ''পি '' অক্ষর দ্বারা চিহ্নিত উত্তর দিকের সাধারন যাতায়াতের পথের - যাবতীয় ইজমেন্ট সত্ত্বাদি এবং উক্ত পথের উপর ও নিম্ন দিয়া জল নিকাশের জন্য ড্রেন, জলের পাইপ, ইলেকট্রিক লাইট, টেলিফোন লাইন ইত্যাদি - আনয়ন করিবার ইজমেন্ট সত্ত্বাদি ও উক্ত শালি জমিস্থিত পুকুর, পাকা ইমারত, টিনের ঘর, রান্নাঘর, টিউব ওয়েল, ইলেকট্রিক লাইট, স্যানিটারী পায়খানা, যাবতীয় বৃক্ষাদি ইত্যাদি মায় যাবতীয় ইজমেন্ট সত্ত্বাদি তাহাতে ১ নং - দানপত্র গ্রহিতার ৩/৪ অংশ এবং ২ নং দানপত্র গ্রহিতার ১/৪ অংশ হইতেছে - তাহাই দানকৃত সম্পত্তি হইতেছে। উহার মূল্য ৫০০০ পাঁচ হাজার টাকা।

তপশীল দানকৃত সম্পত্তির চৌহদ্দি ঃ -

Gopal Chandra Chaudhury

তপশীল দানকৃত সম্পত্তির চৌহদ্দি।

উত্তরে ঃ – দানপত্র দাতার খরিদা কোবালার সংলগ্ন নকস্যায় ''পি '' অক্ষর দ্বারা চিহ্নিত সাধারন পথ ও হেমচন্দ্র রায়ের জমি।

পূর্ব্বে ঃ – মিউনিসিপ্যালিটীর রাস্তা।

দক্ষিনে ঃ – নিখিল মোহন সেনের জমি।

পশ্চিমে ঃ – কিশোরী মোহন নাথের জমি।

অত্র দানপত্র দলিল আমি দানপত্র দাতা পড়িয়া এবং উহা সম্যক রূপে অবগত হইয়া সহি সম্পাদন করিলাম।

Gopal Chandra Chaudhury

ইসাদি –

১। Jogendranath Bhattacharyya.
Advocate
Judges Court Alipur. P.O. Calcutta-2
11.12.70.

২। Chitta Ranjan Mitra.
Jairampur Jala. Cal-60 11.12.7

৩। Chitta Ranjan Chaudhury
56/1 Maharani Indira Debi Rd
Cal-60

৪।

টাইপিস্ট –

মোঃ আরোব নবী,
Md. Arob Nabi
আলিপুর জজকোর্ট।